# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ২৯ মে, ২০১৩ |
| সময় | ঃ | বেলা ১১-০০ টা |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাঈদ আনোয়ারুল ইসলাম<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক'-এ উপস্থাপন করা হলো।

সভার শুরুতেই উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ঃ গত ২৫ এপ্রিল, ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ গত ২৫ এপ্রিল, ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়ীকরণ করা হলো।

আলোচ্যসূচী-২ঃ এপ্রিল, ২০১৩ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ এপ্রিল, ২০১৩ মাসে গৃহকর বাবদ ১৪,৫১,৪৫৫.০০ টাকা এবং দোকান ভাড়া বাবদ ১১,৫৪,২২৯.০০ আদায় হয়েছে। এপ্রিল, ২০১৩ পর্যন্ত এ বছরের ক্রমপুঞ্জীভূত আদায়ের হার ৯৯.৯৮%। জুন, ২০১৩ মাস নাগাদ অবশিষ্ট গৃহকর এবং দোকান ভাড়া আদায় হবে মর্মে সভাকে অবহিত করা হয়।

আলোচ্যসূচী-৩ঃ এপ্রিল, ২০১৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ এপ্রিল, ২০১৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৪ঃ এপ্রিল, ২০১৩ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ স্টেশন হেলথ অর্গাইজেশন কর্তৃক প্রস্তুতকৃত এপ্রিল, ২০১৩ মাসের স্বাস্থ্য প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটস্থ বেশ কয়েকটি খাবার হোটেল/রেস্টুরেন্টের পরিবেশ নোংরা এবং বাজারের টয়লেটগুলো অপরিষ্কার। ঢাকা সেনানিবাসের বিভিন্ন ওআরএস কোয়ার্টার এলাকা অপরিষ্কার, হাই রাইজ অফিসার্স কোয়ার্টারের গার্বেজ শ্যুট ভাঙ্গা। এছাড়াও সেনানিবাসের বিভিন্ন এলাকায় আগাছা বৃদ্ধি পেয়েছে। ঢাকা সেনানিবাসস্থ বিভিন্ন স্কুল/কলেজের টয়লেটগুলো নোংরা ও অস্বাস্থ্যকর মর্মে প্রতিবেদন দাখিল করা হয়েছে। বিস্তারিত পর্যালোচনান্তে স্বাস্থ্য প্রতিবেদনে যে সকল সমস্যাগুলো চিহ্নিত করা হয়েছে সেগুলো সমাধান করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র দেয়াসহ ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন হেলথ অর্গানাইজেশনের আওতাধীন এলাকার সকল কার্যক্রম সম্পন্ন করে আগামী বোর্ডসভায় একটি সমাপনী প্রতিবেদন দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৫ঃ মহাখালী ডিওএইচএস পরিষদ একজিকিউটিভ কমিটি নির্বাচন, ২০১৩ উপলক্ষে ৬১,০০০/- (একষট্টি হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ মহাখালী ডিওএইচএস পরিষদ একজিকিউটিভ কমিটি নির্বাচন, ২০১৩ উপলক্ষে ৬১,০০০/- (একষট্টি হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, উক্ত ব্যয় মহাখালী ডিওএইচএস উন্নয়ন/বিবিধ তহবিল হতে নির্বাহ করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-৬ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতি ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতা/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা | জিজিএফআই এর আবেদন নম্বর ও তারিখ/ক্লিয়ারেন্স অব দেয়া | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | বাড়ী# ৩০/এফ, রোড#৪, ফ্ল্যাট#৪-৩ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব মুহাম্মদ আজিজ খান ব্যবস্থাপনা পরিচালক সামিট প্রপার্টিজ এন্ড কনস্ট্রাকশন কোম্পানী (প্রাঃ) লিঃ ১৮, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫ তাং-২২/১১/২০০১ | বেগম মেহেরুন নেছা খাতুন স্বামী- মরহুম মোসাব্বির হোসেন বাড়ী# ৩০/এফ, রোড#৪, ফ্ল্যাট#৪-৩ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ১৯/৪/২০০৭ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন- ১৮৫০ বঃ ফুঃ (কার পার্কিংসহ) বার্ষিক গৃহকর- ১১,২৫০/-টাকা জুন, ২০১৩ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণের জন্য ৬,৬৬,৩০০/- টাকা ১৫/৪/২০১৩ তারিখে জমা করা হয়েছে। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবিত ক্রেতার অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৭ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারী ঃ-

| ক্র/নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতার নাম ও ঠিকানা | গ্রহীতা/ক্রেতার নাম, ঠিকানা ও আবেদনের তারিখ | ডিজিএফআই এর ছাড়পত্র/ রেজিস্ট্রিকৃত হেবা দলিলমূলে | বিক্রয়/ হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | বাড়ী#৯ ফ্ল্যাট# এ-২, রোড#১, নিচ তলায় ০১টি কারপার্কিং, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | সামিরা পারভেজ শাওন স্বামী- মেজর এ কে এম মাসুদ পারভেজ (অবঃ) বাড়ী#১৯৭/এ, রোড#১, ডিওএইচএস মহাখালী, ঢাকা সেনানিবাস। | জনাব মোহাম্মদ সাইমুর রহমান, পিতা- মোহাম্মদ আবুল কাসেম বাড়ী#৯ ফ্ল্যাট# এ-২, রোড#১ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ০৯/৫/২০১৩ | ২১/১/২০১৩ তারিখের ২৩.০৫.৫০১.৩০ ০.১০.০২৯.০১. ২১.০১.১৩ | ০৭/২/২০১৩ তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ/প্লট নং- ৯/ফ্ল্যাট নং-এ- ২/৭৩ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন-২০৮৭ বঃ ফুঃ (কার পার্কিং/কমন স্পেসসহ) বাৎসরিক গৃহকর ৩১,২৫০/- টাকা এবং তা জুন, ২০১৩ পর্যন্ত পরিশোধ করা হয়েছে। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি নেই। |
| (২) | বাড়ী#৯ ফ্ল্যাট# ডি-৫ (৬ষ্ঠ তলা), রোড#১, নিচ তলায় ০১টি কারপার্কিং, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব জমশের চৌধুরী পিতা-মৃত ডঃ মফিজ চৌধুরী, বাড়ী#৯, রোড#১, ফ্ল্যাট # এ/৫, ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকা। | আলহাজ্ব মোসলেম উদ্দিন ভূইয়া, পিতা- মৃত আব্দুল আজিজ ভূইয়া, বাড়ী#৯ ফ্ল্যাট# এ-২, রোড#১ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ০৪/০২/২০১৩ | ২২/৫/২০১২ তারিখের ২৩.০৫.৫০১.৩০ ০.১০.০২৯.০১. ২২.০৫.১২ | ১০/০৭/২০১২ তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ/প্লট নং- ৯/ফ্ল্যাট নং- ডি-৫/১৮ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন-২০১২ বঃ ফুঃ (কার পার্কিং/কমন স্পেসসহ) বাৎসরিক গৃহকর ১১,২৫০/- টাকা এবং যা ০৫/০৫/২০১৩ ইং তারিখে জুন, ২০১৩ পর্যন্ত পরিশোধ করা হয়েছে। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি নেই। |

গৃহীত সিদ্ধান্ত ঃ রেজিস্ট্রিকৃত ক্রেতার নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৮ঃ গত ২৭ ফেব্রুয়ারি, ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৭ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৭/বি নং প্লটে নির্মিত বাড়ীর মরহুম উইং কমান্ডার (অবঃ) এম হামিদুল্লাহ খান এর অংশ তদীয় উত্তরাধিকারী এক স্ত্রী ও দুই পুত্রের নামে নামে নামজারীর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি সংক্রান্ত বিষয়ে মহামান্য হাইকোর্টে দায়েরকৃত ৫৯৬৮/২০০৪ নং রীট পিটিশনটি প্রত্যাহার করে তার কপিসহ উত্তরাধিকারীদের নামে নামজারীর জন্য গত ০২ মে, ২০১৩ তারিখে মিসেস রাবেয়া সুলতানা খান, স্বামী- মরহুম উইং কমান্ডার (অবঃ) এম হামিদুল্লাহ খান অত্র দপ্তরে আবেদন করেছেন। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ইজারাকৃত/ক্রয়কৃত ৫২০০ বর্গফুট বিশিষ্ট ২৭/বি নং প্লটে নির্মিত ০৩(তিন) তলা বাড়ীর মরহুম উইং কমান্ডার (অবঃ) এম হামিদুল্লাহ খান এর অংশ তদীয় উত্তরাধিকারী স্ত্রী (১) মিসেস রাবেয়া সুলতানা খান ও দুই পুত্র (২) তারেক হামিদ খান (৩) মুরাদ হামিদ খান এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৯ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৬ নং প্লটে নির্মিত বাড়ীর ০৭টি ফ্ল্যাট ও ৯টি কার পার্কিং উত্তরাধিকারীদের মধ্যে রেজিস্ট্রিকৃত বন্টননামার ভিত্তিতে ফ্ল্যাট ভিত্তিক নামজারীর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৬ নং প্লটে নির্মিত বাড়ীর ০৭টি ফ্ল্যাট ও ০৯ টি কার পার্কিং রেজিস্ট্রিকৃত আপোষ বন্টননামা দলিল মোতাবেক অবিভক্ত ও অবিভাজ্য অবস্থায় উত্তরাধিকারীদের মধ্যে নিম্নবর্ণিতভাবে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| নাম | ফ্ল্যাট নম্বর ও আয়তন | কার পার্কিং নম্বর |
|---|---|---|
| ইকবাল ইলিয়াছ সামী<br>পিতা- মরহুম ইলিয়াছ ইউছুফ সামী | ২/বি (২য় তলা), ২০৬০ বঃফুঃ<br>৪/বি (৪র্থ তলা), ২০৬০ বঃফুঃ<br>৭/বি (৭ম তলা), ২০৬০ বঃফুঃ<br>৫/বি (৫ম তলা), ৫১৫ বঃফুঃ | ৮, ৯, ১০, ১১ ও ১২ = ৫টি। |
| নাসিমা খাতুন<br>পিতা- মরহুম ইলিয়াছ ইউছুফ সামী | ৬/বি (৬ষ্ঠ তলা), ২০৬০ বঃফুঃ<br>৭/এ (৭ম তলা), ২০৬০ বঃফুঃ | ৫, ১৩ ও ১৫ = ৩টি। |
| কানিজ ফাতেমা<br>পিতা- মরহুম ইলিয়াছ ইউছুফ সামী | ৩/বি (৩য় তলা), ২০৬০ বঃফুঃ<br>৫/বি (৫ম তলা), ১৫৪৫ বঃফুঃ | ১৪ = ১টি। |

আলোচ্যসূচী-১০ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে ট্রাক স্ট্যান্ড বরাদ্দের জন্য জনাব মেহেদী হাসান নজরুল এবং জনাব মোঃ মোহসিন ইসলাম সিদ্দিকী এর আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ট্রাক স্ট্যান্ডটি সর্বোচ্চ ডাককারী এক জনকে বাজার কমিটির মাধ্যমে নির্ধারিত শর্তে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১১ঃ মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্সের দোকান/স্পেস বরাদ্দের নীতিমালা ঘটনোত্তর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্সের দোকান/স্পেস বরাদ্দের নীতিমালা নিম্নোক্তভাবে ঘটনোত্তর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

মিরপুর ডিওএইচএস এলাকায় নির্মানাধীণ অফিস কাম শপিং কমপ্লেক্স এর দোকান/স্পেস বরাদ্দের নীতিমালা স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস ও সভাপতি, ক্যান্টনমেন্ট বোর্ড মহোদয় ০৭/৫/২০১৩ তারিখে মিনিটসীটের মাধ্যমে অনুমোদন প্রদান করেছেন। উক্ত নীতিমালা আংশিক সংশোধন করে ঘটনোত্তর অনুমোদনের জন্য নিম্নে উপস্থাপন করা হলোঃ-

**ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত মিরপুর ডিওএইচএস অফিস-কাম শপিং কমপেক্স এর দোকান/স্পেস ইজারা/বরাদ্দের নীতিমালা**

১। বোর্ডের অনুমোদন সাপেক্ষে নিয়মানুযায়ী 'সিইও', ঢাকা দোকানসমূহ ইজারা/বরাদ্দ প্রদান করবে।

২। ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট এর মার্কেটসমূহের দোকান ১০ বছরের জন্য বিধি মোতাবেক নির্ধারিত ব্যবসা করার জন্য ইজারা/বরাদ্দ প্রদান করা হবে।

৩। প্রতিটি দোকান/স্পেস/ফ্লোর ১০(দশ) বছরের জন্য ইজারা/বরাদ্দ প্রদান করা হবে, যা দরপত্র আহবান করে প্রকাশ্য নিলাম অথবা গোপন সিডিউল এর মাধ্যমে ইজারা/বরাদ্দের ব্যবস্থা হবে।

৪। প্রকাশ্যে নিলামে অংশ গ্রহন এর জন্য নাম লিপিবদ্ধ জামানত বাবদ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট **"ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট"** এর অনুকূলে (ফেরতযোগ্য) জমা দিতে হবে এবং গোপন সিডিউল এর মূল্য ২,০০০/-(দুই হাজার) টাকা (অফেরতযোগ্য)।

৫। দোকান বরাদ্দের আবেদনপত্রের সংগে যে কোন সিডিউল ব্যাংক হতে **"ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট"** এর অনুকূলে প্রাথমিক জামানত হিসেবে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দিতে হবে। যে সকল আবেদনকারীর আবেদন দোকান বরাদ্দের জন্য বিবেচিত হবে না তাদের জমাকৃত জামানত যথাসময়ে ফেরত দেয়া হবে।

৬। আবেদনপত্রের সংগে ২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) ও সংশ্লিষ্ট পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত চারিত্রিক ও নাগরিকত্ব সনদপত্র, জন্ম সনদ বা জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

৭। মার্কেটসমূহের দোকান ইজারা/বরাদ্দ প্রদানের জন্য প্রকাশ্য ডাক গ্রহন বা সিডিউল দর গ্রহন করণের জন্য কমিটি গঠন করা হবে। গঠিত কমিটি কর্তৃক প্রদত্ত দর যাচাই/বাছাই করে গ্রহণ/বাতিলের নিমিত্তে সুপারিশ/মন্তব্য প্রদান করবেন।

৮। ইজারা/বরাদ্দকৃত দোকানের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী ইজারা/বরাদ্দগ্রহীতা-কে দোকান বরাদ্দের সময় প্রদত্ত সালামীর উপর ২৫% অর্থ নবায়ন ফি হিসেবে বোর্ডে জমা প্রদান সাপেক্ষে পরবর্তী ১০(দশ) বছরের জন্য দোকান/স্পেস/ফ্লোর নবায়ন করা যাবে। এই নিয়মে পরবর্তী প্রতি ১০ (দশ) বছর অন্তর অন্তর নবায়ন কার্যক্রম পরিচালিত হবে।

৯। যে সকল আবেদনকারীর আবেদন দোকান বরাদ্দের জন্য বিবেচিত হবে তাদের প্রাথমিক বরাদ্দ প্রদানের পরবর্তী মাস থেকে দুই মাস পর পর সমান ০৮(আট) টি কিস্তিতে সর্বমোট সালামীর অর্থ ইজারা/বরাদ্দ গ্রহীতা পরিশোধ করবে। কোন ইজারা/বরাদ্দ গ্রহীতা নির্ধারিত সময়ের মধ্যে এক কিস্তি পরিশোধে ব্যর্থ হলে ১০,০০০/-(দশ হাজার) টাকা, দুই কিস্তি পরিশোধে ব্যর্থ হলে ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা এবং তিন কিস্তি পরিশোধে ব্যর্থ হলে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা বিলম্ব ফি সহ কিস্তির টাকা পরিশোধ করতে হবে। ০৩ (তিন) কিস্তির তদুর্ধ কিস্তির অর্থ সময়মত পরিশোধে ব্যর্থ হলে দোকান/স্পেস ইজারা/বরাদ্দ বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে জমাকৃত প্রাথমিক জামানতের অর্থ বাজেয়াপ্ত হবে এবং প্রদত্ত কিস্তির টাকার উপর ২০% কর্তন করে অবশিষ্ট টাকা ফেরত দেয়া হবে।

১০। সর্বোচ্চ ডাককারী দোকান গ্রহণে অসম্মতি জ্ঞাপন করলে জামানত হিসেবে জমাকৃত অর্থ বাজেয়াপ্ত হবে। তবে এক বা একাধিক কিস্তি জমা দেয়ার পর পরবর্তী কিস্তি পরিশোধে অপরগতা প্রকাশ করলে সেক্ষেত্রে জামানত বাবদ জমাকৃত অর্থ বাজেয়াপ্তসহ কিস্তি হিসেবে জমাকৃত অর্থের ১০% কর্তন করে অবশিষ্ট অর্থ ফেরত দেয়া হবে।

১১। দোকান/স্পেস ইজারা/বরাদ্দে জন্য পৃথক পৃথক ডাক ও সিডিউল বিক্রি করতে হবে এবং প্রত্যেক দোকানের জন্য আলাদাভাবে ডাক বা দর উলেখ করতে হবে। সর্বোচ্চ দরদাতাকে দোকান ইজারা/বরাদ্দের জন্য প্রাথমিকভাবে গঠিত কমিটি কর্তৃক যাচাইকৃত দর বোর্ডের অনুমোদন সাপেক্ষে নির্ধারিত কিস্তিতে সালামীর টাকা পরিশোধ করতে হবে। উর্ধ্বতন কর্তৃপক্ষ চূড়ান্ত অনুমোদনের পর সমুদয় সালামীর টাকা পরিশোধ সাপেক্ষে দোকান/স্পেস বুঝিয়ে দেয়া হবে। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক কোন দোকানের দর অনুমোদন করা না হলে তার জমাকৃত জামানতসহ সমুদয় কিস্তির টাকা ফেরত প্রদান করা হবে।

১২। সংশ্লিষ্ট মার্কেটের বেজমেন্ট (আন্ডার গ্রাউন্ড) ও ১ম তলায় (গ্রাউন্ড ফ্লোর) প্রতি বর্গফুট স্পেসের জন্য কমপক্ষে ১৭,০০০/- (সতের হাজার ) টাকা ও ২য় তলায় প্রতি বর্গফুট ১৬,০০০/- (ষোল হাজার ) টাকা এবং ৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ তলায় যথাক্রমে ১৫,০০০/- (পনের হাজার ) টাকা, ১৪,৫০০/-(চৌদ্দ হাজার পাঁচশত) টাকা, ১৪,০০০/-(চৌদ্দ হাজার) টাকা ও ১২,০০০/- (বার হাজার) টাকা সর্বনিম্ন দর ধার্য করা হলো। উদ্ধৃত দরের উপর সরকারী বিধি মোতাবেক আয়কর-ভ্যাট প্রদেয় হবে।

১৩। একই দোকান/স্পেস এর জন্য একাধিক দরদাতার দর একই হলে লটারীর মাধ্যমে তা নির্ধারণ হবে।

১৪। অনুমোদিত ইজারা/বরাদ্দকৃত দোকানের মাসিক ভাড়া ১ম তলা (নীচ তলা) প্রতি বর্গফুট ৮.৭৫ টাকা, ২য় তলা প্রতি বর্গফুট ৮.০০ টাকা, ৩য় তলা ও ৪র্থ তলা প্রতি বর্গফুট ৭.৫০ টাকা, এবং ৫ম ও ৬ষ্ঠ তলা প্রতি বর্গফুট ৭.০০ টাকা হারে নির্ধারিত (শীতাতপ ব্যতিত)। শীতাতপ নিয়ন্ত্রিত মার্কেটের ১ম তলা (নীচতলা) ও ২য় তলা প্রতি বর্গফুট ৯.০০ টাকা, ৩য় তলা ও ৪র্থ তলা প্রতি বর্গফুট ৮.০০ টাকা, এবং ৫ম তলা ও ৬ষ্ঠ তলা প্রতি বর্গফুট ৭.৫০ টাকা হারে এবং তদুর্ধ্ব ৭.০০ হারে নির্ধারিত।

১৫। প্রতি ০৩ (তিন) বছর অন্তর অন্তর ভাড়া পুনঃ নির্ধারণ হবে।

১৬। নির্ধারিত মাসিক ভাড়া পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে আবশ্যিকভাবে বোর্ডের রেভিনিউ শাখায় জমা দিতে হবে। এতে ব্যর্থ হলে ১১ তারিখ হতে প্রতিদিনের জন্য ৫ (পাঁচ টাকা) হারে জরিমানা ভাড়ার পরিশোধের দিন পর্যন্ত প্রদান/আদায় করতে হবে । উল্লেখ্য যে জুন মাসের ভাড়া জুন মাসের ২৫ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ২৬ তারিখ হতে প্রতিদিনের জন্য ৫ (পাঁচ) টাকা হারে জরিমানা ভাড়ার পরিশোধের দিন পর্যন্ত প্রদান/আদায় করতে হবে।

১৭। প্রতিটি দোকানের জন্য পৃথক বৈদ্যুতিক মিটার থাকবে যা বোর্ড কর্তৃক নির্ধারিত কোম্পানীর মিটার ইজারা গ্রহীতা কর্তৃক স্থাপন করতে হবে। মিটার অনুযায়ী ইজারা/বরাদ্দ গ্রহীতা নিজ দায়িত্বে সরকার কর্তৃক ধার্য হারে বিদ্যুৎ বিল নিয়মিতভাবে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিসে পরিশোধ করতে হবে। কোন কারণে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হলে পুনরায় সংযোগ স্থাপনের জন্য ইজারা/বরাদ্দ গ্রহীতা কর্তৃক ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা সংযোগ ফি প্রদান করতে হবে।

১৮। এয়ার কন্ডিশন, লিফট ও একসেলেটর স্থাপন করা হলে এর সার্ভিস চার্জ/মেরমত চার্জ বোর্ড কর্তৃক নির্ধারিত হারে বোর্ডের রেভিনিউ শাখায় জমা দিতে হবে। এখানে সার্ভিস চার্জ বলতে বিদ্যুৎ বিল এবং লিফটম্যান/ এসকালেটর অপারেটরের বেতন বাবদ প্রদেয় অর্থকে বুঝাবে।

১৯। <u>মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স</u>

(১) ১ম তলা (গ্রাউন্ড ফ্লোর)- ঘড়ি, রেডিমেট গার্মেন্টস, স্যানেটারী, ক্রোকারিজ, ফার্মেসী, স্টেশনারী, হার্ডওয়ার।

(২) ২য় তলা (ফার্স্ট ফ্লোর)- শাড়ী, কসমেটিকস, রেডিমেট গার্মেন্টস, বুটিক, জুতা, ব্যাগ, লাইব্রেরী, খেলনা।

(৩) ৩য় তলা (সেকেন্ড ফ্লোর)- থান কাপড়, টেইলার্স, শো-পিস, পাঞ্জাবী, ফাস্ট ফুড, মিস্টি-দই, স্টুডিও।

(৪) ৪র্থ তলা (থার্ড ফ্লোর) - শাড়ী, বোরকা, মশারী, জুয়েলারী, চশমা, কসমেটিকস, সেলুন।

(৫) ৫ম তলা (ফোর্থ ফ্লোর)- ইলেক্ট্রনিক্স সামগ্রী , সিডি-ভিডিভি, মিউজিক আইটেম, মোবাইল, মোবাইল সার্ভিসিং, কম্পিউটার, কম্পিউটার সার্ভিসিং।

(৬) ৬ষ্ঠ তলা (ফিফথ ফ্লোর)- খাবারের দোকান/ফুড কোর্ট, রেষ্টুরেন্ট, কমিউনিটি সেন্টার।

(৭) ৭ম তলা হতে ১০ম তলা (সিক্সথ ফ্লোর হতে নাইনথ ফ্লোর পর্যন্ত) - অফিস স্পেস

২০। মার্কেটের প্রত্যেক ফ্লোরে যে, যে ধরনের ব্যবসার জন্য নির্ধারিত সে ধরনের ব্যবসা ব্যতীত অন্য কোন ব্যবসা করা যাবে না।

২১। মার্কেটের পরিস্কার-পরিচ্ছন্নতাসহ নিরাপত্তা সংক্রান্ত ব্যবস্থাপনার ব্যয় নির্বাহের জন্য ইজারা/বরাদ্দ গ্রহীতাগণকে বোর্ড কর্তৃক ধার্যকৃত হারে সার্ভিস চার্জ পরিশোধ করতে হবে।

২২। দোকান ইজারা/বরাদ্দ প্রাপ্তির পর ১৫(পনের) দিনের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে বোর্ডের সংগে চুক্তিপত্র সম্পাদন করতে হবে । চুক্তিপত্র সম্পাদন করার পর দোকান/স্পেস হস্তান্তর হবে। হস্তান্তরের তারিখ হতে দোকান ভাড়া ও অন্যান্য ফি কার্যকর হবে।

২৩। ইজারা/বরাদ্দ প্রাপ্ত দোকানে কোন অসামাজিক/অবৈধ/সন্ত্রাসী কার্যকলাপ পরিলক্ষিত হলে তাৎক্ষনিক দোকান ইজারা/বরাদ্দ বাতিল কর্তৃপক্ষ কর্তৃক গ্রহন করা হবে ।

২৪। মার্কেটে ইজারা/বরাদ্দ প্রাপ্ত দোকান হস্তান্তর/বিক্রয়ের পূর্বে অবশ্যই বোর্ডের অনুমতি গ্রহণ করতে হবে। বিক্রয়ের ক্ষেত্রে হস্তান্তর পূর্বানুমতি ফি ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ও উত্তরাধিকার/দান এর ক্ষেত্রে ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা প্রদান করতে হবে। নামজারী ফি বাবদ বিক্রয় হস্তান্তরের ক্ষেত্রে ১০,০০০/-(দশ হাজার) টাকা এবং দান/উত্তরাধিকার ক্ষেত্রে ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা প্রদান করতে হবে।

২৫। ইজারা/বরাদ্দ গ্রহীতা বোর্ডের পূর্বানুমতি গ্রহন ও ১০,০০০/-(দশ হাজার) টাকা ফি প্রদান সাপেক্ষে ভাড়া দিতে পারবেন। কিন্তু উপ-ভাড়া দেয়া যাবে না।

২৬। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক চুড়ান্ত নিরাপত্তা ছাড়পত্র ব্যতিরেকে অথবা সেনানিবাসের নিরাপত্তার প্রতি হুমকি স্বরূপ কোন ব্যক্তিকে দোকান ইজারা/বরাদ্দ/ভাড়া প্রদান করা যাবে না।

২৭। যে কোন ডাক ও দরপত্র সিডিউল কর্তৃপক্ষ বাতিল করতে পারবে।

২৮। ইতিপূর্বে ইজারা/বরাদ্দকৃত দোকানসমুহের ধার্যকৃত সালামী ইজারা মেয়াদ শেষ না হওয়া বলবৎ থাকবে।

২৯। মার্কেটের সকল ব্যবসায়ীকে স্ব স্ব ট্রেড/ধরন অনুযায়ী ক্যান্টনমেন্ট বোর্ড হতে ট্রেড লাইসেন্স গ্রহন করতে হবে।

৩০। মিরপুর ডিওএইচএস অফিস-কাম শপিং কমপেক্সে সামরিক কোটার (যা কিউএমজি মহোদয়ের সুপারিশ মেতাবেক বরাদ্দ করা হবে) নির্ধারিত দোকানসমূহ বরাদ্দের ক্ষেত্রে তলা ভিত্তিক প্রাপ্ত সর্বনিম্ন দরের অর্ধেক সালামী প্রযোজ্য হবে। ধার্য সালামীর উপর সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও উৎসেকর বরাদ্দগ্রহীতা কর্তৃক পরিশোধ করতে হবে এবং অন্যান্য শর্তাবলী এই নীতিমালার আলোকে বাস্তবায়িত হবে।

৩১। এই নীতিমালা ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণাধীন মিরপুর ডিওএইচএস অফিস-কাম শপিং কমপেক্স এর দোকান/স্পেস এর ক্ষেত্রে অনুমোদনের তারিখ হতে কার্যকর হবে।

আলোচ্যসূচী-১২ঃ রজনীগন্ধা সুপার মার্কেট জামে মসজিদে দান হিসেবে এয়ার কন্ডিশনার গ্রহণ ও স্থাপনের অনুমতি প্রদানের বিষয়ে সংশ্লিষ্ট মসজিদের ইমামের ১৫ মে, ২০১৩ তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেট জামে মসজিদে এয়ার কন্ডিশনার স্থাপনের জন্য যে পরিমাণ বিদ্যুৎ প্রয়োজন তা বর্তমান অবস্থায় প্রদান করা সম্ভব নয় বিধায় আপাততঃ প্রস্তাবটি বিবেচনা করা গেল না।

আলোচ্যসূচী-১৩ঃ বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টার এর হল বুকিং এবং অন্যান্য দলিলাদি হস্তান্তর সংক্রান্ত বারিধারা ডিওএইচএস পরিষদ এর ০৮ মে, ২০১৩ তারিখের ডিওএইচএস-বা/১৫৫/কনভেনশন নং পত্রের বিষয় আলোচনা ও সিদ্ধান্ত এবং কনভেনশন সেন্টারের পানি, বিদ্যুৎ, গ্যাস ও অন্যান্য ইউটিলিটি সার্ভিস ক্যান্টনমেন্ট বোর্ডের পরিবর্তে বারিধারা ডিওএইচএস পরিষদের নামে হস্তান্তরের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনা জানা যায় যে, বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টার নির্মাণ কাজে নিয়োজিত ঠিকাদারের প্রায় ৩ কোটি টাকা বকেয়া বিল রয়েছে। কনভেনশন সেন্টারের আয় হতে উক্ত বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হলো। ঠিকাদারের যাবতীয় পাওনা পরিশোধ না হওয়া পর্যন্ত কনভেন সেন্টারের সমুদয় আয় হতে কিস্তিতে ঠিকাদারের বিল পরিশোধ করা হবে। ঠিকাদারের বিল পরিশোধ হওয়ার পর কনভেনশন সেন্টারের আয়ের ৬৫% ক্যান্টনমেন্ট বোর্ড এবং ৩৫% বারিধারা ডিওএইচএস পরিষদ এর মধ্যে বন্টন হবে। এছাড়াও কনভেনশন সেন্টারের পানি, বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন ইত্যাদি যাবতীয় বিল ক্যান্টনমেন্ট বোর্ডের পরিবর্তে বারিধারা ডিওএইচএস পরিষদ এর নামে হস্তান্তর করারও সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৪ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের ৩ বছর মেয়াদী ১২টি দোকান পুনঃ বরাদ্দের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের ৫/এ, ৫/বি, ৫/সি, ৫/এইচ, ৫/আই, ৫/ই, ৫/ডি ও ১৬/১-বি দোকানসমূহ প্রজেক্ট এরিয়ার মধ্যে পড়ায় ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা সালামীতে ০১(এক) বছরের জন্য এবং ৫৭/এ, ৭০/এ, ৭০/ই এবং ৮১/৫ নং দোকানসমূহ ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা সালামীতে ০৩(তিন) বছরের জন্য পুনঃ বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে প্রজেক্ট এরিয়ার দোকানসমূহ এক মাসের নোটিশে কোন প্রকার ক্ষতিপূরণ ব্যতিরেকে অপসারণ করে নিতে হবে মর্মে পুনঃবরাদ্দের শর্তে উল্লেখ থাকবে।

আলোচ্যসূচী-১৫ঃ ঢাকা সেনানিবাসস্থ শহীদ সরণির ০৩(তিন)টি পাবলিক টয়লেট ইজারা প্রদান প্রসংগে।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে শহীদ সরণির ০৩(তিন)টি পাবলিক টয়লেট এর ফ্রন্ট এলিভেশন ফুটপাত দিয়ে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করায় ফ্রন্ট এলিভেশন অপসারণ করে স্বাস্থ্যসম্মতভাবে টয়লেটগুলো ব্যবহার করার নিমিত্তে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৬ঃ মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্সের ২৩টি দোকান/স্পেস এর দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর ৭৫ টি দোকান/স্পেস ইজারার নিমিত্তে দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ২২/৫/২০১৩ তারিখে দরপত্র আহবান করা হলে নির্ধারিত তারিখে তলাভিত্তিক ২৫ টি দোকান/স্পেসের দরপত্র পাওয়া যায়। একটি দরপত্রে একাধিক দোকান নম্বর উল্লেখ করায় এবং আরেকটি দরপত্রে ৩য় তলায় ২৬ নং দোকান উল্লেখ করার কারণে ০২ টি দরপত্র বাতিল করা হয়েছে। উল্লেখ্য যে, ৩য় তলার ২৬ নং দোকানটি ইতোপূর্বেই বরাদ্দ প্রদান করা হয়েছে। প্রাপ্ত দরপত্রসমূহ দর যাচাই-বাছাই কমিটি কর্তৃক নিম্নবর্ণিত ২৩ টি দোকান/স্পেসের দর গ্রহণের জন সুপারিশ করা হয়েছে ঃ-

| ক্র/নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন | সরকারী দর প্রতি বর্গফুট | উদ্ধৃত দর | | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | প্রতি বর্গফুট | মোট টাকা | |
| ১) | সৈয়দ হাসিবুল গনি গালিব | ১ম বেজমেন্ট | ১২৭৫.৩৩ | ১৭,০০০/- | ২৬,৬৫০/- | ৩,৩৯,৮৭,৫৪৫.০০ | ০২ টি |
| ২) | লেঃ কর্ণেল নাজমুল হক (অবঃ) | ১ম তলা-৪ | ১৩৮.২৭ | ১৭,০০০/- | ২০,০০০/- | ২৭,৬৫,৪০০.০০ | ০৭ টি |
| ৩) | জনাব মোঃ নজরুল ইসলাম শাহীন | ১ম তলা-২৪ | ১৪২.০৮ | ১৭,০০০/- | ২১,৮৫০/- | ৩১,০৪,৪৪৮.০০ | ০৫ টি |
| ৪) | মিসেস আরমান হাবিব | ১ম তলা-২৫ | ১৩৬.৫৮ | ১৭,০০০/- | ২২,৫০০/- | ৩০,৭৩,০৫০.০০ | ০৩ টি |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৫) | লেঃ কর্ণেল মনিরুজ্জামান | ১ম তলা-২৬ | ১৫৫.৩৭ | ১৭,০০০/- | ২৫,৫০০/- | ৩৯,৬১,৯৩৫.০০ | ০৩ টি |
| ৬) | জনাব দ্বীন মোহাম্মদ শিবলী ফিরোজ | ২য় তলা-৮ | ১৪৩.৬৬ | ১৬,০০০/- | ১৯,০০১/- | ২৭,২৯,৬৮৪.০০ | ০৫ টি |
| ৭) | মিসেস সামিনা আছাদ | ৩য় তলা-১ | ২২৯.২১ | ১৫,০০০/- | ২৩,৫০০/- | ৫৩,৮৬,৪৩৫.০০ | ০৫ টি |
| ৮) | মেজর (অবঃ) মোঃ আলী মোরশেদ | ৩য় তলা-৭ | ১৪৩.৬৬ | ১৫,০০০/- | ১৬,৬০০/- | ২৩,৮৪,৭৫৬.০০ | ০৩ টি |
| ৯) | জনাব মোহাম্মদ কামরুল হাসান | ৩য় তলা-১০ | ১১১.৩১ | ১৫,০০০/- | ১৫,৭০৭/- | ১৭,৪৮,৩৪৬.০০ | ০১ টি |
| ১০) | জনাব মোঃ আব্দুর রাজ্জাক | ৩য় তলা-১৫ | ১২৮.৫০ | ১৫,০০০/- | ২০,০০১/- | ২৫,৭০,১২৯.০০ | ০১ টি |
| ১১) | মিসেস ফারিহা ইশরাত চৌধূরী | ৩য় তলা-১৬ | ১২৮.৫০ | ১৫,০০০/- | ২০,০০১/- | ২৫,৭০,১২৯.০০ | ০১ টি |
| ১২) | মিসেস শামীমা চৌধূরী | ৩য় তলা-১৮ | ১২৮.৫০ | ১৫,০০০/- | ২০,১০০/- | ২৫,৮২,৮৫০.০০ | ০৭ টি |
| ১৩) | মেজর মোঃ জিয়াউল আহসান সরোয়ার (অবঃ) | ৩য় তলা-২৮ | ১৬১.৭৬ | ১৫,০০০/- | ১৮,১০২/- | ২৯,২৮,১৮০.০০ | ০১ টি |
| ১৪) | ফারজানা গালীব এ্যমি | ৩য় তলা-৩২ | ৯০২.৭৬ | ১৫,০০০/- | ২৬,৫৫০/- | ২,৩৯,৬৮,২৭৮.০০ | ০২ টি |
| ১৫) | সৈয়দ মোঃ নাজমুল হাসান | ৪থ তলা-০১ | ২২৯.২১ | ১৪,৫০০/- | ১৬,২০৯/- | ৩৭,১৫,২৬৪.০০ | ০২ টি |
| ১৬) | জনাব দ্বীন মোহাম্মদ শিবলী ফিরোজ | ৪র্থ তলা-৫ | ১৫৯.৮২ | ১৪,৫০০/- | ১৬,০০১/- | ২৫,৫৭,২৮০.০০ | ০১ টি |
| ১৭) | মেজর (অবঃ) মোঃ আবু জাফর | ৪র্থ তলা-২২ | ১২৮.৫০ | ১৪,৫০০/- | ১৬,৫০১/- | ২১,২০,৪০০.০০ | ০২ টি |
| ১৮) | জনাব মোঃ হা[illegible]মান | ৪র্থ তলা-২৩ | ১২৮.৫০ | ১৪,৫০০/- | ১৬,০০০/- | ২০,৫৬,০০০.০০ | ০১ টি |
| ১৯) | মিসেস মেজর মুবীন (অবঃ) | ৪র্থ তলা-২৮ | ১৬১.৭৬ | ১৪,৫০০/- | ২০,৬৫০/- | ৩৩,৪০,৩৪৪.০০ | ০১ টি |
| ২০) | জনাব দ্বীন মোহাম্মদ শিবলী ফিরোজ | ৪র্থ তলা-৩০ | ৯৮.০৯ | ১৪,৫০০/- | ১৬,০০১/- | ১৫,৬৯,৫৩৮.০০ | ০২ টি |
| ২১) | মেজর মোঃ মুবীনুর রহমান (অবঃ) | ৪র্থ তলা-৩২ | ৯০২.৭৬ | ১৪,৫০০/- | ১৮,৫০০/- | ১,৬৭,০১,০৬০.০০ | ০১ টি |
| ২২) | জনাব মোঃ নজরুল ইসলাম (স্বপন) | ৫ম তলা-২০ | ১১০.২০ | ১৪,০০০/- | ১৪,৫০০/- | ১৫,৯৭,৯০০.০০ | ০১ টি |
| ২৩) | মিসেস আহসান হাবিব লেলিন | ৫ম তলা-৩২ | ৯০২.৭৬ | ১৪,০০০/- | ১৫,৫০০/- | ১,৩৯,৯২,৭৮০.০০ | ০১ টি |

কমিটি কর্তৃক সুপারিশকৃত উপরোল্লিখত দোকানসমূহের বিপরীতে প্রাপ্ত দরসমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-৫ এ বর্ণিত ১ম তলা-২৬ নং দোকানের বিপরীতে মেসার্স আঁখি ট্রেডার্স এর স্বত্বাধিকারী জনাব মোঃ মিজান এর ২৭ মে, ২০১৩ তারিখের আবেদনটি বিস্তারিত পর্যালোচনান্তে বিবেচনা না করার সিদ্ধান্ত গৃহীত হলো। দোকানসমূহের বিপরীতে প্রাপ্ত দর চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৭ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | কর্ণেল ইসহাক হোসেন (অবঃ) | ১১১ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ সাত তলা নতুন ভবন (খালি প্লট) |
| (২) | কর্ণেল মাহমুদুর রহমান চৌধুরী (অবঃ) | ২৩৪ | মিরপুর ডিওএইচএস | - | সংশোধিত ০৭ সাত তলা নতুন ভবন (খালি প্লট) |
| (৩) | লেঃ কর্ণেল শামীম হাসান, এএফডব্লিউসি (অবঃ) | ৪৫৬ | মিরপুর ডিওএইচএস | - | সংশোধিত ০৭ সাত তলা নতুন ভবন (খালি প্লট) |
| (৪) | মেজর আবু ফয়সাল মোঃ নুরুল আমিন (অবঃ) | ৫৫৪ | মিরপুর ডিওএইচএস | - | সংশোধিত ০৭ সাত তলা নতুন ভবন (খালি প্লট) |
| (৫) | মেজর শাহ জাকির হোসেন (অবঃ) | ৭৬২/এ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ সাত তলা নতুন ভবন (খালি প্লট) |
| (৬) | মোসাঃ মাহবুবা বেগম | ৮০৫ | মিরপুর ডিওএইচএস | - | সংশোধিত ০৭ সাত তলা নতুন ভবন (খালি প্লট) |
| (৭) | কমান্ডার এস এম আলতাফ হোসেন (অবঃ) | ৮৪২ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ সাত তলা নতুন ভবন (খালি প্লট) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (৮) | কমডোর সৈয়দ মকসুদুল হাকিম (এনডি), পিএসসি | ৯১৩ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ সাত তলা নতুন ভবন (খালি প্লট) |
| (৯) | লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দোহা সিকদার | ৯৬৪ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ সাত তলা নতুন ভবন (খালি প্লট) |
| (১০) | এয়ার কমডোর এহসানুল গণি চৌধুরী | ৯৬৭ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ সাত তলা নতুন ভবন (খালি প্লট) |
| (১১) | মেজর শেখ মাসুমুল হাসান (অবঃ) | ১০২৯ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ সাত তলা নতুন ভবন (খালি প্লট) |
| (১২) | ব্রিগেঃ জেনাঃ সফি মোহাম্মদ মেহবুব (অবঃ) | ১০৪৬/এ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ সাত তলা নতুন ভবন (খালি প্লট) |
| (১৩) | কর্ণেল মুশফিকুর রহমান, পিএসসি | ১০৬২ | মিরপুর ডিওএইচএস | - | সংশোধিত ০৭ সাত তলা ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (১৪) | ব্রিগেঃ জেনাঃ মোঃ মইনুদ্দিন | ১০৭৫ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ সাত তলা নতুন ভবন (খালি প্লট) |
| (১৫) | কর্ণেল সরদার হাসান কবীর | ১১২৯ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ সাত তলা নতুন ভবন (খালি প্লট) |
| (১৬) | ব্রিগেঃ জেনাঃ মোঃ আব্দুল মজিদ ভূঁইয়া (অবঃ) | ১১৭০ | মিরপুর ডিওএইচএস | - | সংশোধিত ০৭ সাত তলা নতুন ভবন (খালি প্লট) |
| (১৭) | লেঃ কর্ণেল এম সোলায়মান (অবঃ) | ১১৯৭ | মিরপুর ডিওএইচএস | - | ০৭ সাত তলা নতুন ভবন (খালি প্লট) |
| (১৮) | ব্রিগেঃ জেনাঃ মোঃ মাসুদ রেজা<br>লেঃ কর্ণেল (অবঃ) মোঃ নুরুল আলম | ১২০৮<br>১২১০ | মিরপুর ডিওএইচএস | - | দু'টি প্লটে যৌথভাবে বেজমেন্টসহ ০৭ সাত তলা নতুন ভবন (খালি প্লট) |
| (১৯) | কর্ণেল মোঃ এমদাদুল হক<br>লেঃ কর্ণেল এ কে এম রশিদুন নবী | ১৩৩২<br>১৩৪৭ | মিরপুর ডিওএইচএস | - | দু'টি প্লটে যৌথভাবে ০৭ সাত তলা নতুন ভবন (খালি প্লট) |
| (২০) | গ্রুপ ক্যাপ্টেন মোঃ আলমগীর (অবঃ) | ১৩৬১ | মিরপুর ডিওএইচএস | - | বেজমেন্টসহ ০৭ সাত তলা নতুন ভবন (খালি প্লট) |
| (২১) | কমডোর শেখ ''বিফ মাহমুদ, বিএন | ১২৪৮ | মিরপুর ডিওএইচএস | - | নতুন ০৭ তলা ভবন |
| (২২) | ব্রিগেঃ জেনাঃ মোঃ বাকের সারওয়ার আহমদ | ১০৫৬ | মিরপুর ডিওএইচএস | - | সংশোধিত ০৭ তলা (আভ্যন্তরীণ পরিবর্তন) |
| (২৩) | মেজর জেনাঃ চৌধুরী হাসান সারওয়ার্দী | ৪০৮/৫ | বারিধারা ডিওএইচএস | - | সংশোধিত ৭ তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) |
| (২৪) | লেঃ কর্ণেল এ এইচ এম দাউদ (অবঃ) | ৩৫৮ | বারিধারা ডিওএইচএস | ২২/৫/২০১৩ | সংশোধিত ৬ তলা (আভ্যন্তরীণ পরিবর্তন) |
| (২৫) | ডাঃ চৌধুরী মোঃ আমির উদ্দিন খান<br>মিসেস আসমা বেগম | প্লট নং-৩৭ | ক্যান্টনমেন্ট বাজার এলাকা | - | নতুন ০৭ তলা আবাসিক ভবন নির্মাণ |
| (২৬) | জনাব মোঃ মোস্তফা (মানিক) গং | সিবি-১৩/এ ও ১৩বি | সিএস দাগ নং-১৫০, মহানগর-১৭৩৫, ১৭৩৮, মৌজা লালাসরাই, কচুক্ষেত পুরান বাজার এলাকা। | - | নতুন ০৭ তলা আবাসিক ভবন নির্মাণ |
| (২৭) | পিয়ারা বেগম গং | সিবি-১৭৭ | সিএস দাগ নং-১২৬, মহানগর-২০০৫, মৌজা লালাসরাই, কচুক্ষেত পুরান বাজার এলাকা। | - | নতুন ০৫ তলা আবাসিক ভবন নির্মাণ |

গৃহীত সিদ্ধান্ত ঃ নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলো ঃ-

(ক) Land point of view- তে ডিওএইচএস এলাকার জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এবং অন্যান্য ক্ষেত্রে বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-১ হতে ১৯ এবং ২১ ও ২২ এ বর্ণিত মিরপুর ডিওএইচএস এর ২১টি প্লট, ক্রমিক নং-২৪ এ বর্ণিত বারিধারা ডিওএইচএস এর ১টি প্লট, ক্রমিক নং-২৫ এ বর্ণিত ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১টি প্লট এবং ক্রমিক নং-২৬ ও ২৭ এ বর্ণিত কচুক্ষেত পুরান বাজার এলাকার ২টি প্লটসহ মোট ২৫টি প্লটে ০৭(সাত)/০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণের নকশা অনুমোদন করা হলো।

(খ) ক্রমিক নং-২০ এ বর্ণিত মিরপুর ডিওএইচএস এর ১৩৬১ নং প্লটে বেজমেন্ট নির্মাণের বিষয়ে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের মতামত গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

(গ) ক্রমিক নং-২৩ এ উল্লেখিত ভার্টিক্যাল এক্সটেনশনের সংশোধিত নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী প্রত্যয়ন প্রাপ্তি সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং বাবদ যাবতীয় খরচ সংশ্লিষ্ট প্লট মালিককে বহন করতে হবে।

উল্লেখ্য যে, প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক বাড়ী নির্মিত হলে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

আলোচ্যসূচী-১৮ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬ ও ৬/এ নং প্লটদ্বয়ের আবাসিক ভবন নির্মাণের নিমিত্ত নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত (সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের ১৮ মার্চ ২০১৩ তারিখের ৩৯১৭/১/বিবধ/এমকিউ-২ নং পত্রটি উপস্থাপন করা হলো)।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬ ও ৬/এ নং প্লটে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের ইতোপূর্বের নির্দেশনা মোতাবেক ০১(এক) তলার বেশী উঁচু ভবন নির্মাণের নকশা অনুমোদন না করার সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি আবেদনকারীকে অবহিত করা হোক।

আলোচ্যসূচী-১৯ঃ কচুক্ষেত পুরান বাজার এলাকার অননুমোদিত নির্মাণের ব্যাপারের ক্যান্টনমেন্ট এ্যাক্ট, ১৯২৪ এর ১৮৫ ধারা মোতাবেক আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে কচুক্ষেত পুরান বাজার এলাকার যে সকল ভবনে অনুমোদিত নকশা বহির্ভূতভাবে অননুমোদিত নির্মাণ করা হয়েছে, সেগুলো ভেঙ্গে অপসারণ করা হলে ভবনের ক্ষতি হওয়ার সম্ভাবনা থাকলে ডেভেলোপার কর্তৃক নির্মিত ভবনের ক্ষেত্রে প্রতি বর্গফুট ৪০০/- (চারশত) টাকা এবং জমির মালিক কর্তৃক নির্মিত ভবনের ক্ষেত্রে প্রতি বর্গফুট ২০০/- (দুই শত) টাকা হারে জরিমানা আদায় করে নিয়মিত করার সিদ্ধান্ত গৃহীত হলো। তবে এখন হতে নির্মাণাধীন ভবনে কোন ধরনের অননুমোদিত নির্মাণ নিয়মিত করার সুযোগ থাকবে না।

আলোচ্যসূচী-২০ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস্, ২০১০ মোতাবেক মূল্যানুমান | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের বিদ্যুৎ লাইন স্থানান্তর। | ৩,২৭,২৪৪/- টাকা | কলেজ তহবিল |
| (২) | পানি ও বিদ্যুৎ শাখার পিক-আপের জন্য ০২টি টায়ার ক্রয়করণ (নং- ঢাকা মেট্রো-ঠ-১৪-১৯২৪)। | ১৬,০০০/- টাকা | পানি শাখার নৈমিত্তিক খরচ |
| (৩) | বনানী-মহাখালী লিংক রোডের পার্শ্বে জমাকৃত পানি নিষ্কাশনের জন্য ফুটপাতের পার্শ্বে আরসিসি পাইপ স্থাপন এবং কার্পেটিং কাজ। | ৪০,৯১,৯২২/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৪) | সদর দপ্তর ৮৬ স্বতন্ত্র সিগন্যাল ব্রিগেড এর অধীনস্থ শহীদ মান্নান লাইন এলাকায় সরকারী পারিবারিক বাসস্থান এলাকায় ১৮, ১৯ ও ২০ নং বিল্ডিং এর মধ্যবর্তী স্থানে ০৩টি ডাস্টবিন নির্মাণ কাজ। | ২,৩৪,৪৪৪/- টাকা | আর্মি কঞ্জারভেন্সী খাত |
| (৫) | রজনীগন্ধা সুপার মার্কেটের রাস্তা, ড্রেন, মাছ/সবজি বাজারের অত্যাবশ্যকীয় সংস্কার/মেরামত কাজ। | ৫,৮৮,৯৫০/- টাকা | রজনীগন্ধা সুপার মার্কেটের সংস্কার ও মেরামত খাত |
| (৬) | জনতা ব্যাংক লিঃ, রজনীগন্ধা সুপার মার্কেট কর্পোরেট শাখার অভ্যন্তরে মেরামত ও সাজসজ্জাকরণ। | ৬৪,৭৬৩/- টাকা | রজনীগন্ধা সুপার মার্কেটের সংস্কার ও মেরামত খাত |
| (৭) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ ভবনের বাৎসরিক সংস্কার/মেরামত ও সাজসজ্জাকরণ। | ২,৫০,০০০/- টাকা | কলেজের বাৎসরিক মেরামত খাত |
| (৮) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার ৪/ই, রোড নং-০৪ এর পশ্চিম পার্শ্বের ড্রেনের উপর স্লাব নির্মাণ ও মেরামতকরণ কাজ। | ৩৩,৮৯১/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৯) | মিরপুর ডিওএইচএস এলাকার প্লট নং-১১৪৬ হতে ১১১০ এবং সংযোগ সড়ক মেইন রোড এর উচ্চতাবৃদ্ধিসহ ইটের সলিং রাস্তা নির্মাণ কাজ (৪৭৮´-০´´)। | ১৮,০০,০০০/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (১০) | মহাখালী ডিওএইচএস এলকার রাওয়া হতে ২১ নং রোড, পার্ক রোড, ২১ নং রোড ও ৭ নং রোডে ০৯টি স্পীড ব্রেকার নির্মাণ। | ৭,২১,৪৮১/- টাকা | মহাখালী ডিওএইচএস বিবিধ তহবিল |
| (১১) | মহাখালী ডিওএইচএস সংযোগ সড়কের ট্রেন দুর্ঘটনায় ভেঙ্গে যাওয়া বাউন্ডারী ওয়াল মেরামত। | ৩৮,৯৮৭/- টাকা | মহাখালী ডিওএইচএস বিবিধ তহবিল |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত মূল্যানুমানগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং- ২, ৪, ৬, ৭ ও ৮ এ উল্লেখিত কাজের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। ক্রমিক নং-৫ এ উল্লেখিত কাজের মূল্যানুমান সিএমইএস (আর্মি) এর মাধ্যমে ভেটিং করিয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। অবশিষ্ট মূল্যানুমানগুলোর চূড়ান্ত অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২১ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১০ মোতাবেক | Responsive Tenderer | উদ্ধৃত দর | ব্যয়ের খাত |
|---|---|---|---|---|---|
| ১। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২ নং পানির পাম্প উঠানো, মেরামত ও পুনঃস্থাপন কাজ। | ১,৫৩,০০০/- | মেসার্স বিল্লাল বোরিং এন্ড ইঞ্জিঃ ওয়ার্কস | ১,৫৩,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ২। | ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশল শাখার নব-নির্মিত পশ্চিম পার্শ্বের কক্ষে ১টি স্টীলের র‍্যাক ও ভার্টিক্যাল ব্লাইন্ড সরবরাহ। | ৪৭,৪৪১/- টাকা | মেসার্স চাঁন মিঞা ইঞ্জিনিয়ার্স | ৪৭,৪৪১/- টাকা | প্রকৌশল শাখার নৈমিত্তিক খাত |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩। | মুসলিম মডার্ণ একাডেমীর বৈদ্যুতিক কাজ। | ৫০,০০০/- | মেসার্স দরবার শরীফ এন্টারপ্রাইজ | ৫০,০০০/- | বিদ্যালয়ের মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ৪। | ঢাকা সেনানিবাসস্থ স্টাফ রোড এমপি চেক পোষ্টের আউট গেইট সংলগ্ন আবাসিক এলাকায় প্রবেশ গেইট বন্ধকরণ কাজ। | ৬৩,০৯০/- | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ | ৬৫,৬১৩/৬০ | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ৫। | ঢাকা সেনানিবাসস্থ সামরিক কবরস্থানে খেতাব প্রাপ্ত বীর মুক্তিযোদ্ধার ৩০টি কবর পাকাকরণ কাজ। | ৬,৭১,০০০/- | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিঃ ওয়ার্কসপ | ৬,৯৭,৭৭২/৯০ | বোর্ডের স্থানীয় আয় |
| ৬। | মিরপুর ডিওএইচএস এর ক্যান্টনমেন্ট বাউন্ডারী পিলার নং-১৮(প্লট নং-১১৬১) হতে পিলার নং-২২ (প্লট নং-১৩৫৫) পর্যন্ত বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ (দৈর্ঘ্য ৭৮০'-০") (গ্রুপ-১)। | ৭৩,৪৪,৬২১/- | মেসার্স আমিন ব্রাদার্স | ৯৫,৩৯,৮৯৫/- | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| ৭। | মিরপুর ডিওএইচএস এর ক্যান্টনমেন্ট বাউন্ডারী পিলার নং-২২(প্লট নং-১৩৫৫) হতে পিলার নং-২৭ (ট্যাক্সি স্ট্যান্ড) পর্যন্ত বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ (দৈর্ঘ্য ৫৬০'-০") (গ্রুপ-২) | ৫৪,৫৯,৫০৮/- | মেসার্স শাহীন এন্টারপ্রাইজ | ৭০,৯১,৮২১/১৬ | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| ৮। | মিরপুর ডিওএইচএস এর ক্যান্টনমেন্ট বাউন্ডারী পিলার নং-২৭(ট্যাক্সি স্ট্যান্ড) হতে পিলার নং-২৯ (ডেসকো) পর্যন্ত বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ (দৈর্ঘ্য ৬১৫'-০") (গ্রুপ-৩) | ৫৭,৮০,০৪৭/- | মেসার্স নির্মাণ কনস্ট্রাকশন | ৭৫,২১,৩৮২/২৫ | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| ৯। | মিরপুর ডিওএইচএস এর ক্যান্টনমেন্ট বাউন্ডারী পিলার নং-২৯(ডেসকো) হতে পিলার নং-৩১ (প্লট নং-৮১৭) পর্যন্ত বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ (দৈর্ঘ্য ৫১০'-০") (গ্রুপ-৪) | ৪৯,১৪,১৩২/- | মেসার্স রিয়েল ইঞ্জিঃ এন্ড কনস্ট্রাকশন | ৬৩,৮৭,৯৯২/০৬ | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| ১০। | মিরপুর ডিওএইচএস এর ক্যান্টনমেন্ট বাউন্ডারী পিলার নং-৩১( প্লট নং-৮১৭) হতে পিলার নং-৩০ (প্লট নং-৮২০) পর্যন্ত বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ (দৈর্ঘ্য ৫৮০'-০") (গ্রুপ-৫) | ৫৫,৭৬,০৬৪/- | মেসার্স সরদার ট্রেডার্স | ৭২,৪২,১৯৯/২৯ | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| ১১। | মিরপুর ডিওএইচএস এর ক্যান্টনমেন্ট বাউন্ডারী পিলার নং-৩৩( প্লট নং-৮২০) হতে পিলার নং-৩৭ (প্লট নং-৯৩১) পর্যন্ত বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ (দৈর্ঘ্য ৫৬০'-০") (গ্রুপ-৬) | ৫৪,৫৯,৫০৮/- | মেসার্স নিটোল কনস্ট্রাকশন | ৭০,৯২,৮৬৩/৪১ | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| ১২। | মিরপুর ডিওএইচএস এর ক্যান্টনমেন্ট বাউন্ডারী পিলার নং-৩৭( প্লট নং-৯৩১) হতে পিলার নং-৪২ (প্লট নং-৪২) পর্যন্ত বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ (দৈর্ঘ্য ৬১৫'-০") (গ্রুপ-৭) | ৫৭,৮০,০৪৭/- | মেসার্স মনির এন্ড কোং | ৭৫,১১,৯৭০/- | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| ১৩। | মিরপুর ডিওএইচএস এর ক্যান্টনমেন্ট বাউন্ডারী পিলার নং-৪২( প্লট নং-৯৩৪) হতে পিলার নং-৪৫ (প্লট নং-১৩৪৬) পর্যন্ত বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ (দৈর্ঘ্য ৫৬০'-০") (গ্রুপ-৮) | ৫৪,৫৯,৫০৮/- | মেসার্স আর এস এন্টারপ্রাইজ | ৭০,৮৪,২৪৪/৭১ | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| ১৪। | মিরপুর ডিওএইচএস এর ক্যান্টনমেন্ট বাউন্ডারী পিলার নং-৪৫( প্লট নং-১৩৪৬) হতে পিলার নং-৫০ (সিএসডি) পর্যন্ত বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ (দৈর্ঘ্য ৫৬০'-০") (গ্রুপ-৯) | ৫৪,৫৯,৫০৮/- | মেসার্স সাদ ইঞ্জিনিয়ার্স | ৭০,৯৬,১৫৫/- | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| ১৫। | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের প্লাষ্টিক বিন সরবরাহকরণ। | ১,৫০,০০০/- | মেসার্স এস টি কর্পোরেশন | ১,৫০,০০০/- | হাসপাতালের নৈমিত্তিক খাত |
| ১৬। | মিরপুর ডিওএইচএস এলাকার রোড নং-৪৫, ৪৬ ও ৪৭ (প্লট নং-১০০৯ হতে ১০৪৮) ৩'-০" ডায়া স্টর্ম সুয়্যার এর আউটফল নির্মাণ কাজ। | ১৪,৪৯,০৯৫/- | মেসার্স শিকদার এন্টারপ্রাইজ | ১৫,০৫,৬০৯/- | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |

গৃহীত সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে ক্রমিক নং-৬ হতে ১৪ পর্যন্ত ০৯টি প্রকল্প ব্যতীত উপরোল্লিখিত কাজের দরগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-১, ২, ৩ ও ১৫ এ উল্লেখিত প্রকল্পগুলির কার্যাদেশ প্রদানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। ক্রমিক নং-৬ হতে ১৪ এ উল্লেখিত প্রকল্পগুলি সিএমইএস (আর্মি) এর ভেটিং সাপেক্ষে অনুমোদন করা হলো। ক্রমিক নং-৪ ও ১৬ এ উল্লেখিত প্রকল্পগুলির চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২২ঃ মিরপুর ডিওএইচএস এলাকার রোড নং-৪৫ এর দক্ষিণ মাথায় প্লট নং-১০২৩ এর পার্শ্বে খালি জায়গা ডেসকো কর্তৃপক্ষকে বুঝিয়ে দেয়ার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ সেনাসদর, এমএন্ডকিউ পরিদপ্তর, এমইও কেন্দ্রীয় সার্কেল ও ডিওএইচএস পরিষদ এর মতামত গ্রহণ করে ডেসকো কর্তৃপক্ষকে জমি বুঝিয়ে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৩ঃ বারিধারা ডিওএইচএস মসজিদে সুচারুভাবে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে ট্রান্সফরমার/সাব-স্টেশন স্থাপন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ উক্ত কাজের জন্য বারিধারা ডিওএইচএস পরিষদ কর্তৃক ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা প্রদান করতে সম্মত হলে ইতোপূর্বে আহ্বানকৃত দরপত্রের প্রেক্ষিতে সর্বনিম্ন দর দাখিলকারী প্রতিষ্ঠান কর্তৃক ট্রান্সফরমার এবং সাব-স্টেশন স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৪ঃ মহাখালী ডিওএইচএস এর ৩০৫ ও ৪৪৪ নং প্লটে অনুমোদিত নকশার শর্ত ভঙ্গ করে শোর পাইলিং না করে বাড়ী নির্মাণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায়, মহাখালী ডিওএইচএস এর ৩০৫ ও ৪৪৪ নং প্লটে বেজমেন্টসহ চতুর্দিকে শোর পাইল দেখিয়ে বাড়ী নির্মাণের জন্য ক্যান্টনমেন্ট বোর্ড হতে নকশা অনুমোদন করা হয়। বাস্তবে দেখা যায় যে, ৩০৫ নং প্লটে মোমেন রিয়েল এস্টেট লিঃ নামক ডেভলোপার কোম্পানী কর্তৃক আরসিসি শোর পাইল এর পরিবর্তে শুধুমাত্র প্লটের পশ্চিম পার্শ্বে স্টীল জয়েস্ট দ্বারা পাইলিং করে বেজমেন্ট এর কাজ করা হয়েছে। ৪৪৪ নং প্লটে ডোমিনো নামক ডেভলোপার কোম্পানী কর্তৃক কোনরূপ পাইলিং না করেই বেজমেন্ট এর জন্য মাটি কাটা শুরু করেছে। ফলে মাটি ধ্বসে যাওয়ার কারণে আশে পাশের প্লট মালিকগণ লিখিতভাবে ক্যান্টনমেন্ট বোর্ডে আপত্তি জানিয়েছেন। এছাড়াও ডমিনো কর্তৃক ঐ একই এলাকায় ১৯২ নং প্লটে নকশার ব্যত্যয় ঘটিয়ে বেজমেন্ট এর জন্য মাটি কাটার কাজ করা হচ্ছে। বিস্তারিত পর্যালোচনান্তে মহাখালী ডিওএইচএস এর ১৯২, ৩০৫ ও ৪৪৪ নং প্লটে নিয়োজিত ডেভলোপারদের প্রত্যেককে ১ লক্ষ টাকা করে জরিমানা এবং ৪৪৪ ও ১৯২ নং প্লটে অনতিবিলম্বে আরসিসি শোর পাইল স্থাপন করে কাজ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। অন্যথায় নকশা বাতিলসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-২৫ঃ মিরপুর ডিওএইচএস এর ৪৮৯ ও ৪৯১ নং প্লটে ভার্টিক্যাল এক্সটেনশনের নকশা পুনর্বিবেচনার জন্য এমআইএসটি-তে প্রেরণের বিষয়ে প্লট মালিক জনাব মোঃ মাহবুবুল আলম ও জনাব মোঃ আব্দুল মুঈদ এর ২৯ নভেম্বর, ২০১২ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ মিরপুর ডিওএইচএস এর ৪৮৯ ও ৪৯১ নং প্লটে ভার্টিক্যাল এক্সটেনশনের নকশা পুনর্বিবেচনার জন্য এমআইএসটি-তে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৬ঃ গত ২৮ জানুয়ারি, ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১১(৩৩) এর অনুবৃত্তিক্রমে মহাখালী ডিওএইচএস এর ৩৬২ নং প্লটে ৪র্থ তলার উপর ৫ম তলা নির্মাণের ভার্টিক্যাল এক্সটেনশনের নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ মহাখালী ডিওএইচএস এর ৩৬২ নং প্লটে ৪র্থ তলার উপর ৫ম তলা নির্মাণের ভার্টিক্যাল এক্সটেনশনের নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং বাবদ যাবতীয় খরচ সংশ্লিষ্ট প্লট মালিককে বহন করতে হবে।

আলোচ্যসূচী-২৭ঃ মান্নান লাইন-জিয়া কলোনীর মধ্যস্থলে নির্মিতব্য জামে মসজিদের ইমাম ও মোয়াজ্জিন এর চাকুরী স্থায়ীকরণের বিষয়ে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৮ এপ্রিল, ২০১৩ তারিখের ৬১৪/১/এ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ মান্নান লাইন-জিয়া কলোনীর মধ্যস্থলে নির্মিতব্য জামে মসজিদটি ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন নয় বিধায় উক্ত মসজিদের ইমাম ও মোয়াজ্জিন এর চাকুরী স্থায়ীকরণের বিষয়টি বিবেচনা করার অবকাশ নেই। বিষয়টি স্টেশন সদর দপ্তরকে অবহিত করা হোক।

আলোচ্যসূচী-২৮ঃ প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর হতে নিরাপত্তা ছাড়পত্র প্রদত্ত ০৬(ছয়)টি প্রতিষ্ঠানকে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, (১) মেসার্স মা এন্টারপ্রাইজ, (২) মেসার্স এস.টি কর্পোরেশন, (৩) মেসার্স এম এস পাপন এন্টারপ্রাইজ, (৪) মেসার্স তাওশিন এন্টারপ্রাইজ, (৫) মেসার্স সারা এন্টারপ্রাইজ, (৬) মেসার্স এস.এস এন্টারপ্রাইজ-২ প্রতিষ্ঠানগুলোর অনুকূলে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর কর্তৃক ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির নিমিত্তে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। সে মোতাবেক উল্লেখিত প্রতিষ্ঠানগুলোকে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৯ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির নিমিত্তে প্রাপ্ত সকল আবেদনসমূহ নিরাপত্তা ছাড়পত্রের জন্য প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরে প্রেরণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির জন্য এ যাবৎ যে সকল আবেদন পাওয়া গিয়েছে তা যাচাই-বাছাই করার জন্য নীতিমালা অনুযায়ী নির্ধারিত কমিটি কর্তৃক সুপারিশসহ আগামী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩০ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল অটোমেশনের নিমিত্ত একটি সার্ভার ও লোকাল এরিয়া নেটওয়ার্কিং বাবদ ৪,৫০,০০০/- (চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল অটোমেশনের নিমিত্ত একটি সার্ভার ও লোকাল এরিয়া নেটওয়ার্কিং বাবদ ৪,৫০,০০০/- (চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। কাজটি দ্রুত সম্পন্ন করতে হবে বিধায় দরপত্র আহ্বান করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক। উল্লেখ্য যে, উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ডের স্থানীয় আয়ের উৎস হতে নির্বাহ করতে হবে।

আলোচ্যসূচী-৩১ঃ ঢাকা সেনানিবাস এলাকায় অবৈধভাবে চলাচলের সময় মিলিটারী পুলিশ কর্তৃক জব্দকৃত ০৯টি মোটর সাইকেল নিলামে বিক্রির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা সেনানিবাস এলাকায় অবৈধভাবে চলাচলের সময় মিলিটারী পুলিশ কর্তৃক জব্দকৃত ০৯টি মোটর সাইকেল নিলামে বিক্রির নিমিত্তে নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হলো ঃ-

| | | |
|---|---|---|
| (১) সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস। | -- | সভাপতি |
| (২) নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৩) সহকারী সচিব, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

আলোচ্যসূচী-৩২ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পুরাতন ০৭টি আইসিইউ বেড মেরামত বাবদ ১,৬০,০০০/- (এক লক্ষ ষাট হাজার) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, উক্ত কাজের যাবতীয় ব্যয় হাসপাতালের নৈমিত্তিক খাত হতে সংকুলান করা হবে।

গৃহীত সিদ্ধান্ত ঃ হাসপাতালের নৈমিত্তিক খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে ০৭টি আইসিইউ বেড মেরামতের জন্য ১,৬০,০০০/- টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩৩ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ল্যাব চালুকরণের বিষয়ে গঠিত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ল্যাব কার্যক্রম চালু করার জন্য গঠিত কমিটির সুপারিশ মোতাবেক নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলো ঃ-

১। <u>শাখা সমূহ ঃ-</u>

- ক) এক্স-রে
- খ) আল্ট্রাসনোগ্রাম ও ইসিজি
- গ) বায়োকেমেষ্ট্রি
- ঘ) ক্লিনিক্যাল প্যাথোলজি
- ঙ) হেমাটোলজী

২। **লোকবল ঃ-** ল্যাব পরিচালনার জন্য স্থায়ীভাবে লোক নিয়োগ না হওয়া পর্যন্ত কমিটির সুপারিশ মোতাবেক ধার্যকৃত ফি এর উপর কমিশন আকারে এবং প্রযোজ্য ক্ষেত্রে মাস্টার রোলে নিম্নবর্ণিত লোক নিয়োগ করার সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

| | | |
|---|---|---|
| ১. | কনসালটেন্ট/প্যাথোলজিষ্ট | - ১ জন |
| ২. | রেডিওলজিস্ট/সনোলজিস্ট | - ১ জন |
| ৩. | ল্যাব টেকনিশিয়ান | - ৪ জন |
| ৪. | রেডিওগ্রাফার | - ২ জন |
| ৫. | কম্পিউটার অপারেটর | - ৩ জন |
| ৬. | রিসিপসনিষ্ট | - ৩ জন |
| ৭. | ল্যাব এ্যাটেনডেন্ট | - ২ জন |
| ৮. | ঝাড়ুদার | - ৪ জন |

৩। **ল্যাব ফি ঃ-**

আর্মড ফোর্সেস ইনস্টিটিউট অব প্যাথলজি (এএফআইপি) এর নির্ধারিত ফি এর চেয়ে ১০% কম রেটে (রাউন্ড ফিগার) সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের বিভিন্ন টেষ্ট ফি নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

৪। **হিসাব খোলা ঃ-**

ল্যারেটরী চালু হবার পর তা লাভজনক কিনা এ বিষয় নিরূপনের জন্য একটি আলাদা হিসাব খোলা প্রয়োজন এবং উক্ত হিসাবটি ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার কর্তৃক পরিচালিত হবে। উক্ত হিসাবে ল্যাবরেটরীর সকল প্রকার আয় জমা হবে এবং উক্ত হিসাব হতে ল্যাবরেটরীর সকল প্রকার কেনাকাটা ও বেতন ভাতা ব্যয় নির্বাহ করা হবে। ল্যাবরেটরীর সকল প্রকার কেনাকাটা উক্ত হিসাব হতে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার কর্তৃক বিধি মোতাবেক সম্পন্ন করতে হবে।

৫। **ল্যাবরেটরী সামগ্রী ক্রয় ঃ-**

ল্যাব টেকনিশিয়ান এর চাহিদা মোতাবেক ল্যাব এর কিট/কেমিক্যাল রি-এজেন্ট, এক্স-রে ফিল্ম, প্রিন্ট পেপার ইত্যাদি একটি নির্দিষ্ট সময়ের জন্য ক্রয় করে মওজুদ রাখতে হবে।

আলোচ্যসূচী-৩৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত উদ্ভুত সমস্যার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ১৯২৪ সালের ক্যান্টনমেন্টস এ্যাক্ট এর ১৩(এ) ধারা মোতাবেক স্টেশন কমান্ডার পদাধিকার বলে বোর্ডের সভাপতি থাকায় এবং একই এ্যাক্টের ১২(৩) ধারা মোতাবেক ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার বোর্ডের সচিব হিসাবে থাকার বাধ্যবাধকতা থাকায় ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান সমূহের পরিচালনা পর্ষদের সভাপতি পদাধিকার বলে স্টেশন কমান্ডার এবং ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার পদাধিকার বলে সচিব হিসাবে নির্ধারিত হয় এবং তা বিগত সময়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত হয়েছে। কিন্তু সম্প্রতি ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সভাপতি হিসেবে স্টেশন কমান্ডার ব্যতিত উচ্চ পদস্থ অন্য সামরিক কর্মকর্তাদের সেনাসদর হতে মনোনীত করা হয়েছে। এর ফলে ১৯৫৫ সালের এ্যাকাউন্টস কোড অনুযায়ী আর্থিক বিধি বিধান প্রতিপালনে ব্যত্যয়সহ বিভিন্ন প্রশাসনিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে ১৯২৪ সালের ক্যান্টনমেন্টস্ এ্যাক্ট লঙ্ঘিত হওয়ার সম্ভাবনা রয়েছে। বিষয়টি নিস্পত্তি করার জন্য ইতোমধ্যে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের মতামত চেয়ে সিইও পত্র প্রেরণ করেছেন। কিন্তু অদ্যাবধি কোন সিদ্ধান্ত পাওয়া যায়নি। সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর হতে চূড়ান্ত সিদ্ধান্ত পাওয়া পর্যন্ত বোর্ড স্কুল/কলেজের সচিব হিসেবে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার তার দায়িত্ব যথাযথভাবে পালন করবেন এবং আর্থিক ক্ষমতা প্রয়োগকালে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবেন।

আলোচ্যসূচী-৩৫ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন পূর্ত কাজের Tender Evaluation Committee (TEC) এর সদস্য জনাব আব্দুল্লাহ আল মামুন, উপ-সহকারী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড হতে অন্যত্র বদলী হয়ে যাওয়া তার স্থলে নতুন সদস্য নিয়োগের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপ-সহকারী প্রকৌশলী জনাব আব্দুল্লাহ আল মামুন এর বদলীজনিত কারণে তদস্থলে যোগদানকৃত উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ মোস্তাফিজুর রহমান-কে Tender Evaluation Committee (TEC) এর সদস্য হিসেবে মনোনীত করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩৬ঃ গত ২৭ ফেব্রুয়ারি ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী ২৫ এর অনুবৃত্তিক্রমে শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের শ্রেণীকক্ষের জন্য আসবাবপত্র সরবরাহের জন্য নিয়োজিত ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স দি ইউনিক ইঞ্জিনিয়ার্স কর্তৃক কার্যাদেশের সময়সীমা অতিক্রান্ত হওয়ার পরও কাজ সম্পাদন না করায় এবং বোর্ডের একাধিক তাগিদপত্রের কোন জবাব না দেওয়ায় কার্যাদেশ বাতিল, জামানত বাজেয়াপ্তকরণ ও ফার্মের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ মেসার্স দি ইউনিক ইঞ্জিনিয়ার্স-কে প্রদত্ত কার্যাদেশ বাতিলসহ বোর্ডের অনুকূলে জমাকৃত জামানত বাজেয়াপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হলো। পুনঃদরপত্র আহ্বান করে প্রকল্পটি সম্পন্ন করা হোক।

আলোচ্যসূচী-৩৭ঃ কচুক্ষেত পুরান বাজার ও ধামালকোট এলাকার পানির বিলের হার পুনঃনির্ধারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ কচুক্ষেত পুরান বাজার এবং ধামালকোট এলাকার বহুতল ভবনের প্রতি ফ্ল্যাট এবং সেমি-পাকা/টিনশেড বাড়ীর প্রতি ২/৩ রুম ১টি ফ্ল্যাট হিসেবে বিবেচনা করে প্রতি বড় ফ্ল্যাটের পানির বিল মাসিক ৫০০/- (পাঁচশত) টাকা এবং ছোট ফ্ল্যাট (১০০০ বর্গফুটের নিচে) মাসিক ৪০০/- (চারশত) টাকা হারে নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। তবে উক্ত রেট কার্যকর হওয়ার পূর্বে কুচক্ষেত ও ধামালকোট এলাকার হালনাগাদ পূর্ণাঙ্গ ফ্ল্যাট/ইউনিট ভিত্তিক গ্রাহক তালিকা প্রস্তুত করে বোর্ডের অনুমোদন গ্রহণ করতে হবে।

আলোচ্যসূচী-৩৮ঃ ভবন নির্মাণকালীন পানির বিল আদায়ের ক্ষেত্রে সংযোগের ধরণের পরিবর্তে ভবনের মোট আয়তনের উপর প্রতি বর্গফুট হিসাবে পানির বিল আদায়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে ঢাকা ওয়াসায় প্রচলিত নীতিমালা সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে ঢাকা ওয়াসার বর্তমান নীতিমালা অনুযায়ী ভবন নির্মাণকালীন পানির বিল নির্মিতব্য ভবনের মোট আয়তনের উপর আদায় করার সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, নির্মিতব্য ভবনের প্রতি বর্গফুটের জন্য পানির বিল হবে ৭/৫০ (সাত টাকা পঞ্চাশ পয়সা) টাকা।

আলোচ্যসূচী-৩৯ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক সরবরাহকৃত পানির অপচয় রোধকল্পে কতিপয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রণাধীন এলাকায় বোর্ড কর্তৃক সরবরাহকৃত পানির অপচয় রোধকল্পে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| | | |
|---|---|---|
| (১) | বাসাবাড়ি/ভবনের ওভারহেড ওয়াটার ট্যাংক ওভার ফ্লো হলে | = ৬০০/- টাকা জরিমানা |
| (২) | হুস পাইপ ব্যবহার করে গাড়ি ধোয়া হলে | = ৬০০/- টাকা জরিমানা |
| (৩) | হুস পাইপ ব্যবহার করে ফ্লোর ধোয়া হলে | = ৫০০/- টাকা জরিমানা |
| (৪) | পানির সংযোগ লিক হলে | = ৪০০/- টাকা জরিমানা |
| (৫) | হুস পাইপ ব্যবহার করে বাগানে পানি ব্যবহার করা হলে | = ৪০০/- টাকা জরিমানা |

বিষয়টি প্রাথমিকভাবে সকল বাড়ীর মালিককে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হলো এবং আগামী জুলাই, ২০১৩ হতে ধার্যকৃত জরিমানা মোবাইল কোর্টের মাধ্যমে ক্যান্টনমেন্টস এ্যাক্ট, ১৯২৪ এর প্রদত্ত ক্ষমতা বলে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার কর্তৃক আদায় করা হবে। জরিমানা প্রদানে ব্যর্থতায় সংশ্লিষ্ট বাড়ীর পানির সংযোগ বিচ্ছিন্ন করাসহ আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

আলোচ্যসূচী-৪০ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পানি ও বিদ্যুৎ শাখার কর্মচারীদের জন্য ২০ সেট রেইন কোট এবং ০৬ সেট হ্যান্ড গ্লাভস্ ও ০৬ সেট গামবুট ক্রয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পানি ও বিদ্যুৎ শাখার কর্মচারীদের জন্য ২০ সেট রেইন কোট এবং ০৬ সেট হ্যান্ড গ্লাভস্ ও ০৬ সেট গামবুট ক্রয়ের নিমিত্তে ৩৮,৪০০/- (আটত্রিশ হাজার চারশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। পানি ও বিদ্যুৎ শাখার নৈমিত্তিক খাত হতে উক্ত ব্যয় নির্বাহ করতে হবে।

আলোচ্যসূচী-৪১ঃ শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের অধ্যক্ষের আর্থিক অনিয়ম সংক্রান্ত বিষয়ে গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের অধ্যক্ষ কর্তৃপক্ষের অনুমতি ছাড়া ছাত্র-ছাত্রীদের নিকট হতে অতিরিক্ত অর্থ আদায় করে আর্থিক অনিয়ম করার প্রতিবেদন অবলোকন করা হলো। আর্থিক অনিয়মের কারণে অধ্যক্ষের বিরুদ্ধে বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণের জন্য বোর্ডের সুপারিশসহ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৪২ঃ আয়কর ও ভ্যাট আদায় সংক্রান্ত অডিট আপত্তির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রতিরক্ষা অডিট দল কর্তৃক ২০০৬-২০১২ আর্থিক সালের অডিট নিরীক্ষাকালে মূল্য সংযোজন কর বিধিমালা/১৯৯১ এর বিধি-১৮-ঙ মোতাবেক ক্যান্টনমেন্ট বোর্ড হতে লাইসেন্স প্রদান বা নবায়নসহ প্রদত্ত লাইসেন্স, রেজিষ্ট্রেশন, পারমিট, রয়্যালিটি, কমিশন, চার্জ, ফি বা অন্য কোনভাবে প্রাপ্ত সমুদয় অর্থের উপর ১৫% হারে ভ্যাট আদায় করার পরামর্শ প্রদান করা হয়েছে। এখন হতে বিধি মোতাবেক ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড হতে আইনে উল্লেখিত সেবা প্রদানের সময় মূল ফি এর ১৫% হারে ভ্যাট আদায় করার সিদ্ধান্ত গৃহীত হলো এবং আদায়কৃত ভ্যাট মাসের শেষে চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা করতে হবে।

৪৩ বিবিধ-১ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৯ নং প্লটে নির্মিত বাড়ীর ২/বি (৩য় তলা-পশ্চিম) নং ফ্ল্যাটটি বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান স্থগিত করণের বিষয়ে কর্ণেল আ জ ম বজলুল হক (অবঃ) এর ০৩ জুন, ২০১২ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে কর্ণেল আ জ ম বজলুল হক (অবঃ) এর আবেদন বিবেচনা করার অবকাশ নেই মর্মে সভায় মত প্রকাশ করা হয় এবং ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৯ নং প্লটে নির্মিত বাড়ীর ২/বি (৩য় তলা-পশ্চিম) নং ফ্ল্যাটের মালিকের আবেদন মোতাবেক বিক্রয়/হস্তান্তর অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

৪৩ বিবিধ-২ঃ শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ সংলগ্ন স্টাফ কোয়ার্টার নির্মাণের টেন্ডার বাতিল করতঃ উক্ত খাতে বরাদ্দকৃত অর্থ দ্বারা শহীদ সরণির উভয় পার্শ্বের ফুটপাতে টাইলস্ স্থাপনের অনুমতি প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর কর্তৃক শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ সংলগ্ন স্টাফ কোয়ার্টার নির্মাণের জন্য ৬৫,০০,০০০/- (পঁয়ষট্টি লক্ষ) টাকা এবং আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী স্কুলের নতুন এক তলা ভবনের ভার্টিক্যাল এক্সটেশনের জন্য ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকা অনুদান বরাদ্দ প্রদান করা হয়েছে। শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ সংলগ্ন স্টাফ কোয়ার্টার নির্মাণ কাজের দরপত্র আহ্বান করা হয়েছে। কিন্তু প্রকল্পটি বর্তমান অর্থ বছরে বাস্তবায়ন করা সম্ভব নয় বিধায় আহ্বানকৃত দরপত্র বাতিলসহ শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ সংলগ্ন স্টাফ কোয়ার্টার এবং আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী স্কুল ভবনের ভার্টিক্যাল এক্সটেনশনের জন্য বরাদ্দকৃত অর্থ দিয়ে শহীদ সরণির উভয় পার্শ্বের ফুটপাতে টাইলস্ স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

৪৩ বিবিধ-৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী কাজে নিয়োজিত ট্রাক (ঢাকা মেট্রো-অ-১১-০৩৫২) মেরামতের জন্য ৫২,৫০০/- (বায়ান্ন হাজার পাঁচশত) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, উক্ত কাজের যাবতীয় ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে নির্বাহ করা হবে।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী কাজে নিয়োজিত ট্রাক (ঢাকা মেট্রো-অ-১১-০৩৫২) মেরামতের জন্য ৫২,৫০০/- (বায়ান্ন হাজার পাঁচশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে নির্বাহ করতে হবে।

৪৩ বিবিধ-৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সাধারণ কঞ্জারভেন্সী শাখার জন্য ০২টি কঞ্জারভেন্সী সুপারভাইজার, ০১টি অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, ০৫টি ড্রাইভার, ১৪টি মালী ও ২০টি ঝাড়ুদারের পদ সৃষ্টিসহ নিয়োগের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সাধারণ কঞ্জারভেন্সী শাখার জন্য ০২টি কঞ্জারভেন্সী সুপারভাইজার, ০১টি অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, ০৫টি ড্রাইভার, ১৪টি মালী ও ২০টি ঝাড়ুদারের পদ সৃষ্টিসহ নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হলো। বেতন স্কেল ও অন্যান্য তথ্যাদি সহকারে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

৪৩ বিবিধ-৫ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস্, ২০১০ মোতাবেক মূল্যানুমান | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | সিইও'র অফিস কক্ষে জিপসাম বোর্ডের সিলিং, অনার বোর্ড, বুকশেলফ, সাইড ক্যাবিনেট সরবরাহ ও স্থাপন কাজ। | ১,৯৯,০৬৪/- টাকা | পানি ও বিদ্যুৎ শাখার নৈমিত্তিক খাত |
| (২) | মিরপুর ডিওএইচএস এলাকার রোড নং-৩০ এর পশ্চিম পার্শ্ব হতে পূর্ব দিকে প্লট নং-১০৬৪ এবং প্লট নং-৪৮৭/এ পর্যন্ত রাস্তায় বালু ভরাটসহ ইটের সলিং (দৈর্ঘ্য- ২৫০, প্রস্থ- ৩০)। | ৫,২০,৫০৬/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (৩) | ১৩ এমপি ইউনিটের জন্য ৩০টি স্টীলের ট্রাফিক নির্দেশিকা বোর্ড এবং ১০২ লিটার এনামেল পেইন্ট সরবরাহকরণ ও জাহাঙ্গীর গেইটের নিকটবর্তী জিআই পাইপের রেলিং মেরামত। | ১,৩৫,২৮১/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৪) | স্বাধীনতা সরণির শহীদ লেঃ আনোয়ার গার্লস কলেজ মোড় হতে উত্তর দিকে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের উত্তর প্রান্ত পর্যন্ত (রাস্তার পশ্চিম পার্শ্ব) ফুটপাত মেরামত ও পেভমেন্ট টাইল্‌স স্থাপন। | ২২,৭০,৮৩৩/- টাকা | বোর্ডের স্থানীয় আয়/ অনুদান |
| (৫) | স্বাধীনতা সর... শহীদ লেঃ আনোয়ার গার্লস কলেজ মোড় হতে উত্তর দিকে পোষ্ট অফিস পর্যন্ত (রাস্তার পূর্ব পার্শ্ব) ফুটপাত মেরামত ও পেভমেন্ট টাইল্‌স স্থাপন। | ১৫,৭৩,৬৬৫/- টাকা | বোর্ডের স্থানীয় আয়/ অনুদান |
| (৬) | শহীদ সরণির শহীদ জাহাঙ্গীর গেইট হতে উত্তর দিকে ১১ নং ইলেক্ট্রিক পোল পর্যন্ত (রাস্তার পশ্চিম পার্শ্ব) ফুটপাত মেরামত ও পেভমেন্ট টাইল্‌স স্থাপন (দৈর্ঘ্য- ১১০৭-০")। | ১০,২২,৭৯৩/- টাকা | বোর্ডের স্থানীয় আয়/ অনুদান |
| (৭) | শহীদ সরণির ১১ নং ইলেক্ট্রিক পোল হতে উত্তর দিকে এয়ার হেডকোয়ার্টার পর্যন্ত (রাস্তার পশ্চিম পার্শ্ব) ফুটপাত মেরামত ও পেভমেন্ট টাইল্‌স স্থাপন (দৈর্ঘ্য- ১১৭০-০")। | ১০,৬৪,৮১২/- টাকা | বোর্ডের স্থানীয় আয়/ অনুদান |
| (৮) | শহীদ সরণির এয়ার হেডকোয়ার্টার হতে উত্তর দিকে ৩১ নং ইলেক্ট্রিক পোল পর্যন্ত (রাস্তার পশ্চিম পার্শ্ব) ফুটপাত মেরামত ও পেভমেন্ট টাইল্‌স স্থাপন (দৈর্ঘ্য- ১১৪০-০")। | ১০,৪০,২৩১/- টাকা | বোর্ডের স্থানীয় আয়/ অনুদান |
| (৯) | শহীদ সরণির শহীদ জাহাঙ্গীর গেইট হতে উত্তর দিকে বিএএফ বেস বাশার এর মেইন গার্ডরুম গেইট পর্যন্ত (রাস্তার পূর্ব পার্শ্ব) ফুটপাত মেরামত ও পেভমেন্ট টাইল্‌স স্থাপন (দৈর্ঘ্য- ৮৭৩-০")। | ৮,৪৪,৮৫০/- টাকা | বোর্ডের স্থানীয় আয়/ অনুদান |
| (১০) | শহীদ সরণির বিএএফ বেস বাশার এর মেইন গার্ডরুম হতে উত্তর দিকে ২৬৮ নং ইলেক্ট্রিক পোল পর্যন্ত (রাস্তার পূর্ব পার্শ্ব) ফুটপাত মেরামত ও পেভমেন্ট টাইল্‌স স্থাপন (দৈর্ঘ্য- ৮৯৫-০")। | ৮,৩৮,৫১৪/- টাকা | বোর্ডের স্থানীয় আয়/ অনুদান |
| (১১) | শহীদ সরণির ২৬৭ নং ইলেক্ট্রিক পোল হতে উত্তর দিকে ১৫৩ নং ইলেক্ট্রিক পোল (১৩ এমপি ইউনিট) পর্যন্ত (রাস্তার পূর্ব পার্শ্ব) ফুটপাত মেরামত ও পেভমেন্ট টাইল্‌স স্থাপন (দৈর্ঘ্য- ১৪৩০-০")। | ১২,৭৮,৭৯৯/- টাকা | বোর্ডের স্থানীয় আয়/ অনুদান |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত মূল্যানুমানগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং- ১ এ উল্লেখিত কাজের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট মূল্যানুমানগুলোর চূড়ান্ত অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

৪৩ বিবিধ-৬ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১০ মোতাবেক | Responsive Tenderer | উদ্ধৃত দর | ব্যয়ের খাত |
|---|---|---|---|---|---|
| ১। | রজনীগন্ধা সুপার মার্কেটের পূর্ব পার্শ্বে শহীদ বদিউজ্জামান রোড সাইডে কাটা তারের বেড়া নির্মাণ এবং রজনীগন্ধা সুপার মার্কেটের পূর্ব পার্শ্বে গেইট বন্ধকরণ কাজ। | ৯৬,০৬৮/- টাকা | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ | ১,০০,৬৬০/- টাকা | রজনীগন্ধা সুপার মার্কেটের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২। | ক্যান্ট হাউজের জন্য একটি আইপিএস সরবরাহকরণ। | ৫৪,০০০/-" | মেসার্স আমিন ব্রাদার্স | ৫৯,৪০০/- " | বোর্ডের স্থানীয় আয় |
| ৩। | সিএমএইচ ঢাকার ওয়েস্ট ডিসপোজাল সংক্রান্ত সামগ্রী স্থাপন কাজ। | ৫,৫৭,২০০/-" | মেসার্স নাহিদ এন্টারপ্রাইজ | ৫,৮৭,২০০/- " | আর্মি কঞ্জারভেন্সী/ বোর্ডের স্থানীয় আয় |
| ৪। | ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল ভবনের নিচতলা (পুর্ব অংশ) ল্যাবরেটরীতে ইকুইপমেন্ট স্থাপনের জন্য টেবিল তৈরী কাজ। | ২,৩০,৪০০/-" | মেসার্স মনির এন্ড কোং | ২,৩৯,৫৯২/৯৬" | বোর্ডের স্থানীয় আয় |
| ৫। | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল ভবনের লিফটের সামনে বিভিন্ন তলায় এসএস পাইপ দ্বারা রেলিং স্থাপন ও সাব-স্টেশনের সামনে কলাপসিবল গেইট সরবরাহ ও স্থাপন। | ৯০,৪৩৭/-" | মেসার্স নয়ন এন্টারপ্রাইজ | ৯৪,০৫৪/৪৮" | বোর্ডের স্থানীয় আয় |
| ৬। | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল ভবনের বহিরাংশে কলাপসিবল গেইট সরবরাহ ও স্থাপন কাজ। | ৫৪,৭৯০/-" | মেসার্স নয়ন এন্টারপ্রাইজ | ৫৬,৯৮১/৬০" | বোর্ডের স্থানীয় আয় |
| ৭। | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পোষ্ট অপারেটিভ রুমের ভিতর টয়লেট ও বিভিন্ন মেরামত ও সরবরাহ কাজ। | ৪,৫৯,০৭৮/-" | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৪,৮১,৩৪৩/২৮" | বোর্ডের স্থানীয় আয় |

গৃহীত সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-১ এ উল্লেখিত প্রকল্পগুলির কার্যাদেশ প্রদানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট প্রকল্পগুলি চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হোক।

৪৩ বিবিধ-৭ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত ৬ নং রোডের ৬৮/এ (নিচতলা) নং বাসায় নিজ খরচে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র স্থাপনের অনুমতি প্রদানের বিষয়ে জনাব মোঃ মাহবুব আলম তালুকদার, উপ-পরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০২ মে, ২০১৩ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত ৬ নং রোডের ৬৮/এ (নিচতলা) নং বাসায় নিজ খরচে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র স্থাপনের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

৪৩ বিবিধ-৮ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | জনাব আমিনুল হায়দার | ৫১৪ | বারিধারা ডিওএইচএস | - | সংশোধিত ০৭ সাত নতুন ভবন (বিদ্যমান ৩ তলা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |
| (২) | ক্যাপ্টেন এম এন হুদা, বিএন (অবঃ) | ৫২৮ | বারিধারা ডিওএইচএস | - | সংশোধিত ০৭ সাত (৬ষ্ঠ তলার উপর আংশিক ৭ম তলা) |
| (৩) | মেজর জেনাঃ শামসুজ্জামান, জি (অবঃ) | বি/১০১ | মহাখালী ডিওএইচএস | ২৭/৫/১৩ | সংশোধিত ০৭ সাত নতুন ভবন (বিদ্যমান ২তলা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |
| (৪) | মিসেস নিলুফার দিল আফরোজ হুদা | ১৫৯ | মহাখালী ডিওএইচএস | ২৭/৫/১৩ | সংশোধিত ০৭ সাত ভবন (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ) |
| (৫) | গ্রুপ ক্যাপ্টেন মোহাম্মদ ওবায়দুর রহমান | ১১৫০ | মিরপুর ডিওএইচএস | - | নতুন ০৭(সাত) তলা ভবন (খালি প্লট) |

গৃহীত সিদ্ধান্ত ঃ নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলো ঃ-

(ক) Land point of view- তে ডিওএইচএস এলাকার জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এবং অন্যান্য ক্ষেত্রে বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-১, ৩ ও ৫ বর্ণিত ৩টি প্লটে ০৭ তলা নতুন ভবন নির্মাণের নকশা অনুমোদন করা হলো।

(খ) ক্রমিক নং-২ ও ৪ এ উল্লেখিত ভার্টিক্যাল এক্সটেনশনের সংশোধিত নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী প্রত্যয়ন প্রাপ্তি সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং বাবদ যাবতীয় খরচ সংশ্লিষ্ট প্লট মালিককে বহন করতে হবে।

উল্লেখ্য যে, প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক বাড়ী নির্মিত হলে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

৪৩ বিবিধ-৯ঃ ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের জন্য প্যানাসনিক KX-TS-3288 মডেলের ০১ সেট পিএ টেলিফোন সেট ক্রয়ের নিমিত্তে ২৪,০০০/- টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের জন্য ০১ সেট পিএ টেলিফোন (প্যানাসনিক KX-TS-3288 মডেলের) সেট ক্রয়ের নিমিত্তে ২৪,০০০/- টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, উক্ত কাজের যাবতীয় ব্যয় প্রশাসনিক শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

৪৩ বিবিধ-১০ঃ মহাখালী ডিওএইচএস এর বি-১৩৩ নং বাড়ী হতে মেজর মির্জা সামসুল ওয়াজেদ (অবঃ)-কে উচ্ছেদ সংক্রান্ত বিষয়ে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ১৯ মে, ২০১৩ তারিখের ৬০৫/১/এ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ মহাখালী ডিওএইচএস পরিষদের প্রতিনিধি এবং বাদী ও বিবাদী উভয় পক্ষের উপস্থিতিতে শুনানী গ্রহণ করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

৪৩ বিবিধ-১১ঃ প্রয়াত মহামান্য রাষ্ট্রপতি ও সশস্ত্র বাহিনী প্রধান মোঃ জিল্লুর রহমান এর কবর পাকাকরণের নিমিত্তে ৯০,০০০/- (নব্বই হাজার) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রয়াত মহামান্য রাষ্ট্রপতি ও সশস্ত্র বাহিনী প্রধান মোঃ জিল্লুর রহমান এর কবর পাকাকরণের নিমিত্তে ৯০,০০০/- (নব্বই হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ডের স্থানীয় আয়ের উৎস হতে সংকুলান করতে হবে।

৪৩ বিবিধ-১২ঃ মহাখালী ডিওএইচএস এলাকার রাওয়া ক্লাব হতে ২১ নং রাস্তা পর্যন্ত প্রশস্তকরণ ও কার্পেটিং কাজের জন্য পিপিআর-২০০৮ এর আলোকে ভ্যারিয়েশন অর্ডার প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনাক্রমে ২১ নং রোডের সংযোগস্থলে রাস্তার প্রশস্ততা বৃদ্ধি পাওয়াসহ ও দৈর্ঘ্য কিছু বৃদ্ধি পাওয়ায় আনুমোদিত ১,৪৭,৫১,৪১৫/- (এক কোটি সাতচল্লিশ লক্ষ একান্ন হাজার চারশত পঁনের) টাকা হতে বৃদ্ধি পেয়ে ১,৬২,৩৫,৯৫৪/- (এক কোটি বাষট্টি লক্ষ পঁয়ত্রিশ হাজার নয়শত চুয়ান্ন) টাকা হওয়ায় সর্বমোট ১৪,৮৪,৫৩৯/- (চৌদ্দ লক্ষ চুরাশি হাজার পাঁচশত উনচল্লিশ) টাকা অর্থাৎ ১০.০৬% বৃদ্ধি পাওয়ায় তা অনুমোদন করা হলো। ভ্যারিয়েশন অর্ডারের বিষয়ে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে বিস্তারিত মূল্যানুমান ও নকশা প্রেরণ করা হোক।

৪৩ বিবিধ-১৩ঃ বনানী ডিওএইচএস এলাকার প্রবেশ মুখে পুকুরের পূর্ব পাড়ে জিআই তারের ফেন্সিং নির্মাণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

৪৩ বিবিধ-১৪ঃ শহীদ বদিউজ্জামান রোডের জলাবদ্ধতা দূরকরণের লক্ষ্যে নিকটবর্তী পুকুর পাড়ের পশ্চিম পাড়ে বিদ্যমান ৪-০´´ ব্যাসের আরসিসি পাইপ ড্রেন পরিষ্কার প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

| | |
|---|---|
| ০৫.০৬.২০১৩ | ০৫.০৬.২০১৩ |
| ( মোঃ রেজাউল ইসলাম ) | (ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাঈদ আনোয়ারুল ইসলাম) |
| সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড | প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড |
| ও | ও |
| ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার | স্টেশন কমান্ডার |
| ঢাকা ক্যান্টনমেন্ট। | ঢাকা সেনানিবাস। |

পরিশিষ্ট- 'ক'

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

| | | |
|---|---|---|
| (১) | ক্যাপ্টেন আশরাফুল হক চৌধুরী, (জি), এএফডব্লিউসি, পিএসসি, বিএন<br>অধিনায়ক, বা নৌ জা হাজী মহসিন, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (২) | উইং কমান্ডার মোঃ জাহাঙ্গীর আলম তালুকদার, পিএসসি<br>প্রতিনিধি, বিমান বাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৩) | লেঃ কর্ণেল এ বি এম মিজানুর রহমান, সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৪) | মেজর মোঃ জাকির হোসেন পাটওয়ারী, ওসি, এসএইচও<br>প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতসল, ঢাকা সেনানিবাস<br>ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৫) | কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক<br>বাসা#৪০৮/৮, রোড#৭ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস<br>ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৬) | জনাব হেলাল উদ্দিন আহ্মেদ<br>বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস<br>ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |
| (৭) | শাহে এলিদ মাইনুল আমিন, নেজারত ডেপুটি কালেক্টর, ঢাকা<br>সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট<br>জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |